# 30 নভেম্বর, 2023 উপ-নির্বাচন
# কাউন্সিলর ওয়ার্ড 20, স্ক্যারবোরো সাউথওয়েস্ট

## ডাকযোগে ভোট প্রদান করার জন্য আবেদন করুন

ডাকযোগে ভোট প্রদান করার জন্য আপনার আবেদন পত্রটি 23 অক্টোবর থেকে 10 নভেম্বর পর্যন্ত www.toronto.ca/VoteByMail-এ দাখিল করুন।

## ভোটার তালিকাটি যাচাই করুন

23 অক্টোবর থেকে, www.toronto.ca/MyVote-এ আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত আছেন কিনা তা যাচাই করুন, কোথায় ভোট প্রদান

করতে হবে এবং কাউন্সিলর পদের জন্য যেসকল প্রার্থীগণ প্রতিদ্বন্দ্বিতা করছেন তা খুঁজুন।

# মূল তারিখসমূহ

## 23 অক্টোবর

- **ডাকযোগে-ভোট প্রদান (মেইল-ইন ভোটিং)** করার জন্য আবেদন করার প্রথম দিন।
- **ভোটদাতার তালিকায়** তথ্য যোগ করার, পরিবর্তন করার বা হালনাগাদ করার প্রথম দিন।
- **প্রক্সি ফর্ম**-এর জন্য অনুরোধ করার প্রথম দিন এবং এটিকে প্রত্যায়ন করানোর জন্য VoterRegistration@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে একটি সাক্ষাৎ-সময়সূচি নির্ধারন করুন। তথ্যের জন্য 311 নম্বরে টেলিফোন করুন।

## 10 নভেম্বর

- **ডাকযোগে-ভোট প্রদানের** জন্য আবেদন করার শেষ সময়সীমা, বিকাল 4:30 মিনিটের মধ্যে।
- www.toronto.ca/MyVote-এ **ভোটদাতার তালিকায়** তথ্য যোগ করার, পরিবর্তন করার বা হালনাগাদ করার শেষ সময়সীমা, বিকাল 4:30 মিনিটের মধ্যে।

## 14 নভেম্বর

- **ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ডসমূহ [Voter information cards (ভিআইসিস - VICs)]** ডাকযোগে যোগ্য ভোটদাতাদের কাছে প্রেরণ করা হবে।
- 10 নভেম্বর তারিখের মধ্যে যোগ্য ভোটদাতাগণ যারা ভোটার তালিকায় অন্তর্ভুক্ত রয়েছেন কেবলমাত্র তাদেরকেই ডাকযোগে একটি ভিআইসি (VIC) প্রেরণ করা হবে। যদি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকেন এবং ডাকযোগে একটি ভিআইসি না পান, www.toronto.ca/MyVote-এ আপনার কার্ডটি অধিগমন করুন। ভোট প্রদান করার জন্য আপনার কোনো ভিআইসি-র প্রয়োজন নেই।

## 25 এবং 26 নভেম্বর

- সকাল 10টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত **অগ্রিম ভোট প্রদান করার** দুই দিন।
- **অগ্রীম ভোটদানের কেন্দ্রসমূহ**: বার্চমাউন্ট কমিউনিটি সেন্টার এবং ওয়ার্ডেন হিলটপ কমিউনিটি সেন্টার।

**27 নভেম্বর**

- সম্পন্নকৃত **ডাকযোগে ভোটদানের** প্যাকেজসমূহ (মোড়কসমূহ) মধ্যাহ্নের (দুপুর 12টা) মধ্যে অবশ্যই গৃহীত হতে হবে।

## বৃহস্পতিবার, 30 নভেম্বর

- সকাল 10টা থেকে রাত 8টা পর্যন্ত **নির্বাচনের দিন**
- আপনার জন্য নির্ধারিত ভোট কেন্দ্রে ভোট প্রদান করুন। কোথায় ভোট প্রদান করতে হবে www.toronto.ca/MyVote-এ তা খুঁজে নিন।

# ভোট প্রদান করার বিকল্পসমূহ

## ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে (ইন পারসন)

উপলভ্য যেকোনো নির্বাচনের দিনসমূহে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করুন:

- অগ্রিম ভোটের সময় 25 এবং 26 নভেম্বর তারিখে উইকএন্ডে (সপ্তাহান্তে) সকাল 10টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত যথাসময়ের পূর্বেই ভোট প্রদান করুন। বার্চমাউন্ট কমিউনিটি সেন্টার, 93 বার্চমাউন্ট রোড **বা** ওয়ার্ডেন হিলটপ কমিউনিটি সেন্টার, 25 মেন্ডেলসন স্ট্রীট এ যথাসময়ের পূর্বেই ভোট প্রদান করুন।
- 30 নভেম্বর, নির্বাচনের দিন সকাল 10টা থেকে রাত 8টা পর্যন্ত ভোট প্রদান করুন। নির্বাচনের দিন আপনাকে অবশ্যই আপনার জন্য নির্ধারিত ভোট কেন্দ্রে ভোট প্রদান করতে হবে।

অগ্রিম ভোটদান এবং নির্বাচনের দিন ভোট প্রদান করার জন্য ভোট কেন্দ্র সংক্রান্ত বিস্তারিত www.toronto.ca/MyVote-এ বা আপনার ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ডে খুঁজে নিন।

## ডাকযোগে

ডাকযোগে ভোট প্রদান করার জন্য নিচের ধাপসমূহ পর্যালোচনা করুন এবং 23 অক্টোবর থেকে শুরু করে আবেদন করুন।

### ধাপ 1: অনলাইনে আবেদন করুন

আবেদন করার জন্য 23 অক্টোবর থেকে 10 নভেম্বর পর্যন্ত বিকাল 4:30 মিনিটে www.toronto.ca/VoteByMail-এ যান।

### ধাপ 2: আপনার প্যাকেজটি (মোড়কটি) সম্পন্ন করুন

একবার আপনার আবেদনপত্রটি প্রক্রিয়া করা হয়ে গেলে, 2 নভেম্বর থেকে শুরু করে ডাকযোগে ভোট প্রদান সম্পন্ন করার জন্য আপনাকে একটি প্যাকেজ (মোড়ক) পাঠানো হবে।

- ঘোষণাপত্রটি সাক্ষর করুন
- ব্যালটটিতে চিহ্ন দিন
- ইয়েলো রিটার্ন এনভেলাপ (হলুদ ফিরতি খাম)-এর মধ্যে বন্ধ করা সিক্রেসি এনভেলাপ (গোপনীয় খাম)-টি ভিতরে ঢুকিয়ে দিন

**ধাপ 3: আপনার প্যাকেজটি ডাকযোগে পাঠিয়ে দিন**

- সম্পন্নকৃত ভোট প্রদান করার প্যাকেজসমূহ **27 নভেম্বর মধ্যাহ্নের (দুপুর 12টার)** মধ্যে অবশ্যই গৃহীত হতে হবে।
- আপনার সম্পন্নকৃত ভোটদানের প্যাকেজটি কানাডা পোষ্ট-এর যেকোনো ডাকবাক্সে (মেইলবক্সে) নিয়ে যান বা হলুদ টরন্টো ইলেকশনস ড্রপ বক্সসমূহের যেকোনো একটিতে হাতে হাতে দিয়ে আসুন।
- 20 নভেম্বর থেকে শুরু করে দুইটি হলুদ ড্রপ বক্স উপলভ্য হবে। ড্রপ বক্সসমূহের অবস্থানসমূহ হলো:

  বার্চমাউন্ট কমিউনিটি সেন্টার, 93 বার্চমাউন্ট রোড

  **বা**

  ওয়ার্ডেন হিলটপ কমিউনিটি সেন্টার, 25 মেন্ডেলসন স্ট্রীট

অনলাইনের প্রক্রিয়া, টেলিফোনের মাধ্যমে কিভাবে আবেদন করতে হবে বা অভিগম্যতা সংক্রান্ত তথ্য সম্পর্কে প্রশ্নসমূহের জন্য elections@toronto.ca-এ ইমেইল প্ররণ করুন বা 311 নম্বরে টেলিফোন করুন। www.toronto.ca/VoteByMail-এ আরো জানুন।

## প্রতিনিধির মাধ্যমে (বাই প্রক্সি)

যদি আপনি ব্যক্তিগতভাবে উপস্থিতি হয়ে বা ডাকযোগে ভোট প্রদান করতে অপারগ হন, আপনি একজন প্রতিনিধি (প্রক্সি) নিয়োগ করতে পারেন। একজন প্রতিনিধি হলেন এমন একজন ব্যক্তি যাকে আপনি আপনার পক্ষ হয়ে ভোট প্রদান করার জন্য বিশ্বাস করেন এবং যিনি একজন যোগ্য ভোটার। আপনার এবং আপনার প্রতিনিধির দ্বারা স্বাক্ষর করা একটি ভোটিং প্রক্সি অ্যাপয়েন্টমেন্ট (Voting Proxy Appointment) ফর্ম সম্পন্ন করুন, এবং 30 নভেম্বর বিকাল 4:30 মিনিটের পূর্বে সিটি ক্লার্ক (City Clerk) দ্বারা এটিকে প্রত্যায়ন করিয়ে নিন।

23 অক্টোবর থেকে শুরু করে একটি প্রক্সি ফর্ম-এর জন্য অনুরোধ করতে VoterRegistration@toronto.ca-এ ইমেইল প্রেরণ করুন এবং এটিকে প্রত্যায়ন করানোর জন্য একটি সাক্ষাৎ-সময়সূচি নির্ধারণ করুন।

আরো জানার জন্য 311 নম্বরে টেলিফোন করুন বা www.toronto.ca/ByElection-এ যান।

# কারা ভোট দিতে পারবেন

2023 সালের ওয়ার্ড 20, স্ক্যারবোরো সাউথওয়েস্ট-এ কাউন্সিলর পদের উপ-নির্বাচনে ভোট প্রদান করার জন্য, আপনাকে অবশ্যই:

- একজন কানাডীয় নাগরিক হতে হবে; এবং
- কমপক্ষে 18 বছর বয়সের হতে হবে; এবং
- ওয়ার্ড 20, স্ক্যারবোরো সাউথওয়েস্ট-এর একজন বাসিন্দা হতে হবে; বা
- টরন্টো শহরের একজন অ-নিবাসী (নন-রেসিডেন্ট), তবে আপনার বা আপনার স্বামী/স্ত্রীকে ওয়ার্ড 20, স্ক্যারবোরো সাউথওয়েস্ট-এ একটি বাড়ির মালিক হতে হবে বা ভাড়া বাড়িতে থাকতে হবে; এবং
- কোনো আইনের অধীনে ভোট প্রদানের জন্য নিষিদ্ধ করা হয়নি।

ওয়ার্ড 20-এর মধ্যে আপনি যতগুলোই বাড়ির মালিক হন বা ভাড়া বাড়িতেই থাকেন না কেন আপনি কেবলমাত্র একবারই ভোট দিতে পারবেন।

## স্কুলের জন্য টরন্টো থেকে দূরে বাস করা শিক্ষার্থীগণ

যদি আপনি ওয়ার্ড 20, স্ক্যারবোরো সাউথওয়েস্ট-এর একজন বাসিন্দা হন, তবে অন্টারিওর অন্য আরেকটি পৌরসভাতে অধ্যয়ন করেন, আপনি এই উপ-নির্বাচনে ভোট প্রদান করার জন্য যোগ্য।

www.toronto.ca/elections/voters-এ আরো জানুন।

# ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হউন

23 অক্টোবর থেকে শুরু করে, ভোটার তালিকায় আপনার তথ্য সঠিক কিনা তা যাচাই করা গুরুত্বপূর্ণ, বিশেষকরে যদি আপনি সম্প্রতি স্থানান্তরিত হয়ে থাকেন বা আপনি আপনার নাম পরিবর্তন করে থাকেন। 30 নভেম্বর তারিখের মধ্যে যদি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকেন, আপনাকে ডাকযোগে একটি ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ড প্রেরণ করা হবে।
10 নভেম্বর বিকাল 4:30 মিনিট পর্যন্ত, ভোটার তালিকায় আপনার তথ্য যোগ করুন বা হালনাগাদ করুন:

- www.toronto.ca/MyVote-এ যাওয়ার মাধ্যমে
- VoterRegistration@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে

- 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে

যদি আপনি 10 নভেম্বর তারিখের শেষ সময়সীমার মধ্যে এটি করতে ব্যর্থ হন, অগ্রিম ভোটের সময় (25 এবং 26 নভেম্বর) যখন আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করবেন তখন বা নির্বাচনের দিন (30 নভেম্বর) আপনি নিজেকে ভোটার তালিকায় যোগ করতে পারবেন। **যখন আপনি ভোট প্রদান করতে যাবেন আপনাকে আইডি (ID) অবশ্যই আনতে হবে, এমনকি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকলেও।**

# মাই ভোট (MyVote)

2023 সালের ওয়ার্ড 20, স্ক্যারবোরো সাউথওয়েস্ট-এ কাউন্সিলর পদের উপ-নির্বাচনে আপনার অংশগ্রহণ শুরু করার জন্য মাইভোট (MyVote) ওয়েব অ্যাপ্লিকেশনটিতে সব কিছুই রয়েছে।

23 অক্টোবর থেকে শুরু করে www.toronto.ca/MyVote -এ যান:

- আপনি ভোটার তালিকায় অন্তর্ভূক্ত কিনা খুঁজে দেখুন
- আপনার ভোটার তালিকার তথ্য যোগ করুন, পরিবর্তন করুন বা হালনাগাদ করুন **(10 নভেম্বর পর্যন্ত)**
- কাউন্সিলর পদের জন্য যে সকল প্রার্থীগণ প্রতিদ্বন্দ্বিতা করছেন তাদের যাচাই করে দেখুন
- কোথায় এবং কখন ভোট প্রদান করতে হবে খুঁজে নিন
- আপনার ভোট কেন্দ্র সম্পর্কে অভিগম্যতা সংক্রান্ত তথ্য খুঁজে বের করুন
- আপনার ব্যালটটির একটি নমুনা দেখুন
- আপনার ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ডটি দেখুন, ডাউনলোড করুন বা প্রিন্ট (মূদ্রণ) করুন **(14 নভেম্বর থেকে শুরু করে)**

ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে যাওয়ার আগে মাইভোট পরীক্ষা করে দেখুন কারণ ভোট কেন্দ্রসমূহ পরিবর্তন হতে পারে।

# ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড (Voter Information Card)

**14 নভেম্বর থেকে শুরু করে, ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ডসমূহ [Voter information cards (ভিআইসিস - VICs)] ডাকে থাকবে।** ভোট প্রদান করার জন্য ভোটদান কেন্দ্রে আপনার ভিআইসি (VIC) নিয়ে গেলে তা অতিবাহিত করা সময়কে ত্বরান্বিত করতে সাহায্য করতে পারে। পরিচয়পত্র (আইডেন্টিফিকেশন) হিসাবে আপনার ভিআইসি-টি ব্যবহার করা যাবে না।

আপনার ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ডটি দেখার জন্য www.toronto.ca/MyVote-এ যান, এবং যখন আপনি ভোট প্রদান করতে যাবেন, আপনার স্মার্ট ফোনে এটি প্রদর্শন করুন।

- যদি 10 নভেম্বর তারিখের মধ্যে আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকেন এবং আপনি আপনার ভিআইসি-টি না পান, কিন্তু আপনার পরিবারের কেউ একজন পেয়ে থাকেন, এটি এই কারণেই হতে পারে যে কানাডা পোষ্ট গুচ্ছবদ্ধভাবে কার্ডসমূহ পাঠায়।
- যদি আপনি একাধিক ভিআইসি পান, যখন আপনি ভোট প্রদান করতে যাবেন, সবচেয়ে সঠিক কার্ডটি যেটি আপনার পরিচয়পত্রের সাথে মানানসই সেটি আনুন।
- যদি আপনি আপনার ভিআইসি-টি পান, কিন্তু এটিতে ভুল তথ্য রয়েছে, যখন আপনি ভোট প্রদান করতে যাবেন কার্ডটি সাথে নিয়ে যেতে পারেন এবং একটি ভোটার লিস্ট অ্যামেন্ডমেন্ট অ্যাপ্লিকেশন (ভোটার তালিকা সংশোধন সংক্রান্ত আবেদনপত্র) সম্পন্ন করার জন্য বলতে পারেন।
- যদি আপনি এমন একজন ব্যক্তির একটি ভিআইসি পান যিনি আপনার পরিবারের সাথে বাস করেন না, আপনি কার্ডটিতে **রিটার্ন টু সেন্ডার (প্রেরকের কাছে ফেরত পাঠান)** মুদ্রণ করতে পারেন এবং কানাডা পোষ্ট-এর যেকোনো ডাকবাক্সে ফেলে দিতে পারেন।
- ভোট প্রদান করার জন্য আপনার কোনো ভিআইসি-র প্রয়োজন নেই। www.toronto.ca/VIC-এ আরো জানুন।

# গ্রহণযোগ্য পরিচয়পত্র

যখন আপনি ভোট প্রদান করতে যাবেন পরিচয়পত্র (আইডি -ID)-এর প্রয়োজন। আপনার নাম প্রদর্শন করা এবং ওয়ার্ড 20, স্ক্যারবোরো সাউথওয়েস্ট-এর উপযুক্ত ঠিকানা সম্বলিত একটি পরিচয়পত্র আনার কথা মনে রাখবেন। যদি আপনার গ্রহণযোগ্য আইডি না থাকে এবং আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না থাকেন, একটি ব্যালট পাওয়ার জন্য আপনাকে আইডি সহ ফিরে আসতে বলা হবে।

## গ্রহণযোগ্য আইডি (ID)-র উদাহরণসমূহ:

- অন্টারিও কর্তৃক জারী করা গাড়ির চালকের লাইসেন্স (ড্রাইভার'স লাইসেন্স) বা মোটরযানের অনুমতি (পারমিট) (গাড়ির অংশ)।
- বাতিল করা ব্যক্তিগতকৃত চেক, ক্রেডিট কার্ড বা ব্যাংকের লেন-দেন বিবরণী (ব্যাংক স্টেইটমেন্ট)
- পানি (জল) সম্পর্কিত, টেলিফোন বা কেবল টিভি, পানি (জল), গ্যাস বা বিদ্যুৎ/গ্যাসের বিল (ইউটিলিটি বিল) বা পাবলিক ইউটিলিটিস কমিশনের একটি বিল।

- চেকের অংশ (চেক স্ট্যাব), টি4 বিবরণী (টি4 স্টেইটমেন্ট) বা একজন নিয়োগকর্তা দ্বারা জারী করা রসিদ।
- অন্টারিও ওয়ার্কস বা অন্টারিও ডিজঅ্যাবিলিটি সাপোর্ট প্রোগ্রাম-এর সরাসরি আমানতের বিবরণী (স্টেইটমেন্ট অফ ডিরেক্ট ডিপোজিট)।
- সম্পত্তির কর মূল্যায়ন, আয়কর মূল্যায়ন নোটিস, চাইল্ড ট্যাক্স বেনেফিট স্টেইটমেন্ট (Child Tax Benefit statement)।
- মর্টগেইজের বিবরণী (মর্টগেইজ স্টেইটমেন্ট), ইজারা বা বাড়ি ভাড়ার চুক্তিপত্র।

গ্রহণযোগ্য পরিচয়পত্রের উপলভ্য একটি সম্পূর্ণ তালিকা www.toronto.ca/elections/Voters-এ খুঁজে নিন।

# অভিগম্যতা সংক্রান্ত তথ্য

সকল ভোটকেন্দ্রসমূহ অভিগম্য। প্রবেশপথসমূহ (এন্ট্রি পয়েন্টসমূহ), আরোহণ-অবতরণ করার স্থানসমূহ (র‍্যাম্পস), স্বয়ংক্রিয় দরজা খোলার যন্ত্রসমূহ (অটোম্যাটিক ডোর ওপেনারস) বা ভোটার অ্যাসিস্ট টার্মিনালসমূহ [ভোটার সহায়তা টার্মিনালসমূহ (ভিএটিসমূহ – VATs)] -এর উপলভ্যতা সম্পর্কে তথ্যসমূহ www.toronto.ca/MyVote বা www.toronto.ca/ByElection-এ উপলভ্য। যদি আপনি ভোটদানে বাধার সম্মুখীন হন, টরন্টো ইলেকশনস এর সাথে elections@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে বা 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে যোগাযোগ করুন।

## অ্যাক্সিসিবল ভোটিং ইক্যুইপমেন্ট [ (ভোটদান সহায়ক সরঞ্জাম) ভিএটি – VAT]

ভিএটি (VAT) হচ্ছে একটি ব্যালট-চিহ্নিত করার যন্ত্র যা প্রতিবন্ধী ভোটারদের তাদের ব্যালটটিকে গোপনে এবং স্বাধীনভাবে চিহ্ন প্রদান করতে দেয়। উপাদানসমূহ টাচ স্ক্রীন, অডিও ফাংশন, ব্রেইল কি প্যাড, নল সম্বলিত সিপ/পাফ যন্ত্র (সিপ/পাফ টিউব ডিভাইস), রকার প্যাডল/ফুট স্যুইচ, এবং মুদ্রাক্ষরের আকার ও রঙের পরিবর্তন সমন্বয় করতে একটি বৈশিষ্ট্য-সম্পন্ন জুম অন্তর্ভুক্ত করে।

সকল অগ্রিম ভোট কেন্দ্রসমূহে ভিএটিসমূহ (VATs) উপলভ্য হবে। যদি নির্বাচনের দিন আপনার একটি ভিএটি ব্যবহারের প্রয়োজন হয় এবং আপনার জন্য মনোনীত ভোট কেন্দ্রটিতে এটি অবস্থিত না থাকে, কিভাবে ব্যালটটিকে স্থানান্তর করানোর জন্য অনুরোধ করতে পারেন সে সম্পর্কে জানতে 311 নম্বরে টেলিফোন করুন। www.toronto.ca/-MyVote-এ মাই ভোটিং

প্লেইসেস (My Voting Places) ট্যাব-এর নিচে তালিকাভুক্ত আপনার ভিএটি-র অবস্থান সম্পর্কে বিস্তারিত খুঁজুন।

### অন্যান্য পরিষেবাসমূহ

সকল উপলভ্য পরিষেবাসমূহ সম্পর্কে আরো জানার জন্য 311 নম্বরে টেলিফোন করুন বা www.toronto.ca/AccessibleElections-এ যান।

- যদি আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত (ইন পারসন) হয়ে ভোট প্রদান করতে সক্ষম না হন, ডাকযোগে ভোট প্রদান করার জন্য www.toronto.ca/VoteByMail-এ আবেদন করুন।
- যদি আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বা ডাকযোগে ভোট প্রদান করতে সক্ষম না হন, আপনার পক্ষে ভোট প্রদান করার জন্য আপনি একজন প্রতিনিধি (প্রক্সি) নিয়োগ করতে পারেন।
- যদি আপনি আপনার জন্য মনোনীত ভোট কেন্দ্রে বাধার সম্মুখীন হন, ব্যালট স্থানান্তরের জন্য অনুরোধ করুন।
- যদি আপনি শারীরিকভাবে ভোট কেন্দ্রটিতে প্রবেশ করতে অক্ষম হন, আপনার ব্যালটটিকে আপনার গাড়িতে বা ভোট কেন্দ্রের মধ্যেই অন্য জায়গায় আনার জন্য অনুরোধ করুন।
- আপনার ব্যালটটিতে চিহ্ন প্রদান করতে সাহায্য করার জন্য একজন বন্ধুকে সাথে আনুন বা একজন নির্বাচন কর্মকর্তাকে সহায়তা করার জন্য অনুরোধ করুন।
- সকল ভোট কেন্দ্রই সহায়তাকারী ব্যক্তি এবং সেবা-প্রদানকারী প্রাণীর ব্যবহারকে স্বাগত জানায়।
- বড় মুদ্রণ-সম্পন্ন কাগজের পাতাসমূহ (ম্যাগনিফিকেশন শিটসমূহ) এবং ভোট কিভাবে প্রদান করতে হবে সে সম্পর্কে নির্দেশাবলী ব্রেইল-এ সকল ভোট কেন্দ্রে উপলভ্য হবে।
- মূক বা বধিরদের জন্য তথ্য টিটিওয়াই (TTY) লাইনে 416-338-OTTY (0889) নম্বরে টেলিফোন করার মাধ্যমে উপলভ্য।

# সামাজিক মাধ্যম, ওয়েব, এবং ইমেইল (Social Media, Web and Email)

**ট্যুইটার (Twitter):** @cityoftoronto

**ফেইসবুক (Facebook):** সিটি অব টরন্টো (City of Toronto)

**ইন্সটাগ্রাম (Instagram):** @cityofto

**ওয়েবসাইট:** www.toronto.ca/ByElection

**ইমেইল:** elections@toronto.ca

# তথ্যসমূহের অনুবাদ

যদি অন্য কোনো ভাষায় আপনার তথ্যের প্রয়োজন হয়, 311 নম্বরে টেলিফোন করুন বা www.toronto.ca/elections/voters-এ যান। ভোট কিভাবে প্রদান করতে হবে সে সম্পর্কে নির্দেশাবলী 26টি ভাষায় সকল ভোট কেন্দ্রে উপলভ্য হবে।

TORONTO